ই-মেইল/বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: WCO Affairs শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.০২.০০৩.১৮/৮৭ তারিখ: ১৪ জুন ২০২১ খ্রি.।

বিষয়: **WCO Certificate of Merit সম্মাননা প্রদান সংক্রান্ত নীতিমালা প্রণয়ন।**

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৫৬.০২.০০৩.১৮/৪৯; তারিখ: ২৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রীয় পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, WCO Certificate of Merit সম্মাননা প্রদান সংক্রান্ত নীতিমালা প্রণয়নের লক্ষ্যে সূত্রোক্ত পত্রের মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়। এ প্রেক্ষিতে কমিটির সদস্যগণ একাধিক সভায় মিলিত হয়ে অন্যান্য মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর সম্মাননা প্রদান সংক্রান্ত বিভিন্ন নীতিমালা বিশদভাবে যাচাই-বাছাইপূর্বক সর্বসম্মতভাবে WCO Certificate of Merit নীতিমালা (খসড়া) প্রণয়ন করে পরবর্তী কার্যার্থে উপস্থাপন করেছেন (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, প্রস্তাবিত খসড়া নীতিমালার বিষয়ে আপনার সুনির্দিষ্ট মতামত/পর্যবেক্ষণ (যদি থাকে) তা আগামী ৩০ জুন ২০২১ খ্রি. তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে ই-মেইলযোগে [wcoaffairs.nbr@gmail.com; বরাবর: সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জারাবো ও দৃষ্টি আকর্ষণ: ২য় সচিব (WCO Affairs)] প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৭ (সাত) পাতা (ই-মেইলে প্রেরিত)।

(মোঃ শহিদুজ্জামান সরকার)
দ্বিতীয় সচিব (কাস্টমস: WCO Affairs)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ই-মেইল: wcoaffairs.nbr@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূসক আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
২। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা, খুলনা/পানগাঁও/আইসিডি/বেনাপোল।
৩। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, ঢাকা/ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, ঢাকা/বন্ড অটোমেশন প্রকল্প, ঢাকা।
৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/রংপুর/ কুমিল্লা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/যশোর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
৫। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম/ নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূসক, ঢাকা/ কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
৬। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি)/গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/খুলনা/চট্টগ্রাম।
৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
৯। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

১০। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **[জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।**

১১। প্রথম সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১২। দ্বিতীয় সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২। প্রথম সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩। পি এ টু সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।

ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন সার্টিফিকেট অব মেরিট
(WCO Certificate of Merit)
নীতিমালা

(খসড়া)

কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

১. উপক্রমণিকা

প্রতি বছর ২৬ জানুয়ারি আন্তর্জাতিক কাস্টমস দিবস উদযাপনের অংশ হিসেবে ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন, অতঃপর ডব্লিউসিও নামে অভিহিত, এর সদস্যভুক্ত বিশ্বের বিভিন্ন দেশের ন্যায় বাংলাদেশেও আমদানি-রপ্তানি বাণিজ্যের কাস্টমস কার্যক্রমে অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ কাস্টমস কর্মকর্তা-কর্মচারী এবং কাস্টমস কার্যক্রম ও বাণিজ্য সহজীকরণে সহায়তাকারী সরকারি-বেসরকারি অংশীজন/সংস্থা/প্রতিষ্ঠানকে ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন সার্টিফিকেট অব মেরিট (WCO Certificate of Merit), অতঃপর সার্টিফিকেট বলে উল্লিখিত, প্রদান করা হয়ে থাকে। উক্ত সার্টিফিকেট প্রদানের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড, অতঃপর বোর্ড বলে উল্লিখিত, নিম্নবর্ণিত নীতিমালা জারি করল:

২. শিরোনাম

এই নীতিমালা ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন সার্টিফিকেট অব মেরিট (WCO Certificate of Merit) প্রদান নীতিমালা, ২০২১ নামে অভিহিত হবে।

৩. সার্টিফিকেটের সংখ্যা

দপ্তরসমূহের পদস্থ জনবল বিবেচনায় নিয়ে প্রতি বছরের জন্য দপ্তরওয়ারী সুপারিশযোগ্য কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা নির্ধারণ করা হবে। প্রতি বছর মোট প্রদানকৃত সার্টিফিকেটের সংখ্যা হবে ২০ (বিশ)। এক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীগণকে ১৭ (সতের) এবং অংশীজন/সংস্থা/প্রতিষ্ঠানকে ০৩ (তিন) টি সার্টিফিকেট প্রদান করা হবে। তবে, বাছাই কমিটি এ অনুপাত (১৭:৩) প্রয়োজনের নিরিখে হ্রাস-বৃদ্ধি করতে পারবে। এছাড়া, ভবিষ্যতে দপ্তর ও জনবল সম্প্রসারণের পরিপ্রেক্ষিতে ডব্লিউসিও'র সম্মতির ভিত্তিতে কর্মকর্তা-কর্মচারীগণের জন্য সার্টিফিকেটের সংখ্যা বৃদ্ধি করা যাবে।

৪. সার্টিফিকেট প্রদানের সময়

২৬ জানুয়ারি আন্তর্জাতিক কাস্টমস দিবস উদযাপনের অংশ হিসেবে বাংলাদেশের আমদানি-রপ্তানি বাণিজ্যের কাস্টমস কার্যক্রমে অসাধারণ অবদানের জন্য প্রতি বছর ডব্লিউসিও কর্তৃক নির্ধারিত প্রতিপাদ্যকে প্রাধান্য দিয়ে ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন সার্টিফিকেট অব মেরিট (WCO Certificate of Merit) প্রদান করা হবে। তবে অনিবার্য কারণবশত উক্ত দিনে এই সার্টিফিকেট প্রদান করা সম্ভব না হলে বোর্ড কর্তৃক নির্ধারিত দিনে তা প্রদান করা হবে।

৫. যে সকল দপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ মনোনয়নের জন্য বিবেচিত হবে

বোর্ডের কাস্টমস ও ভ্যাট বিভাগের অধীন কর্মকর্তা-কর্মচারীগণ এবং কাস্টমস কার্যক্রম ও বাণিজ্য সহজীকরণে সহায়তাকারী বিভিন্ন সরকারি-বেসরকারি অংশীজন/সংস্থা/প্রতিষ্ঠান এই সার্টিফিকেটের জন্য মনোনীত হওয়ার যোগ্য বিবেচিত হবে। এছাড়া কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, অতঃপর ট্রাইব্যুনাল নামে অভিহিত, এর কর্মকর্তা-কর্মচারীগণও এই সার্টিফিকেটের জন্য মনোনীত হওয়ার যোগ্য বিবেচিত হবে।

৬. বাছাই কমিটি

নিম্নবর্ণিত কমিটি, অতঃপর কমিটি বলে অভিহিত, প্রাথমিকভাবে সুপারিশকৃত কর্মকর্তা-কর্মচারী এবং অংশীজন/সংস্থা/প্রতিষ্ঠান-এর মধ্যে হতে সার্টিফিকেটের জন্য যোগ্য কর্মকর্তা-কর্মচারী এবং অংশীজন/সংস্থা/প্রতিষ্ঠান বাছাই করে চূড়ান্ত মনোনয়ন প্রদান করবে:

(ক) সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)	-আহ্বায়ক
(খ) সদস্য (কাস্টমস: নীতি)	- সদস্য
(গ) সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন)	-সদস্য
(ঘ) সদস্য (ভ্যাট: নীতি)	- সদস্য
(ঙ) প্রথম সচিব (ডব্লিউসিও অ্যাফেয়ার্স)	- সদস্য-সচিব

বোর্ডের ডব্লিউসিও অ্যাফেয়ার্স শাখা এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৭. মনোনয়নের জন্য দরখাস্ত আহবান

(৭.১) কমিটি প্রতি বছর ২৬ জানুয়ারির অন্যূন ৬০ (ষাট) দিন পূর্বে বোর্ডের কাস্টমস ও ভ্যাট বিভাগের অধীন কাস্টম হাউস/কমিশনারেট/অধিদপ্তর/পরিদপ্তর/প্রকল্প দপ্তরসমূহের প্রধান ও ট্রাইব্যুনালের দপ্তর প্রধানের নিকট থেকে নির্ধারিত ফরমে **(পরিশিষ্ট-ক)** অন্যূন ০২ (দুই) সপ্তাহ সময় দিয়ে কর্মকর্তা-কর্মচারীগণের নাম-সংবলিত সুপারিশ আহবান করবে।

(৭.২) দপ্তর প্রধানগণ বোর্ড হতে প্রাপ্ত আবেদন ফরম তাঁর দপ্তরের কর্মকর্তাগণের মধ্যে বিতরণ করবে।

(৭.৩) দপ্তর প্রধানগণ তাঁর দপ্তরের যুগ্ম কমিশনার ও তদূর্ধ্ব কর্মকর্তাগণের সাথে (যদি থাকে) আলোচনা করে এই নীতিমালায় বর্ণিত প্রযোজ্য বিষয়াদি বিবেচনায় নিয়ে কর্মকর্তা-কর্মচারীর নাম সুপারিশ করে কমিটির আহ্বায়ক বরাবর প্রেরণ করবে।

(৭.৪) বোর্ডের কাস্টমস ও ভ্যাট বিভাগের প্রথম ও দ্বিতীয় সচিবগণের নাম-সংবলিত সুপারিশ বোর্ডের সংশ্লিষ্ট সদস্য প্রেরণ করবে।

(৭.৫) দপ্তর প্রধানগণ এবং বোর্ডের কাস্টমস ও ভ্যাট বিভাগের সদস্যগণ স্বীয় নাম সুপারিশ করতে পারবে না। কমিটি দপ্তর প্রধান ও বোর্ডের সদস্যগণের মনোনয়ন বিবেচনা করবে।

(৭.৬) সুপারিশকৃত নাম ও প্রেরিত পত্র গোপনীয় হিসেবে বিবেচিত হবে এবং তা গোপনীয় খামে প্রেরণ করতে হবে।

(৭.৭) সরকারি-বেসরকারি অংশীজন এবং সংস্থা/প্রতিষ্ঠানের মনোনয়ন কমিটি কর্তৃক প্রদান করা হবে।

৮. মনোনয়নের লক্ষ্যে কমিটি কর্তৃক অনুসরণীয় মানদন্ড

কমিটি মনোনয়নের ক্ষেত্রে পেশাদারিত্ব, কাস্টমস কার্যক্রম ও আমদানি-রপ্তানি বাণিজ্য সংশ্লিষ্ট নিম্নোক্ত মানদন্ড অনুসরণ করবে:

(৮.১) ডব্লিউসিও কর্তৃক নির্ধারিত মানদন্ড;
(৮.২) ডব্লিউসিও কর্তৃক সংশ্লিষ্ট বছরের জন্য নির্ধারিত প্রতিপাদ্য বাস্তবায়নে সহযোগিতা ও অবদান;
(৮.৩) কাস্টমস আইন এবং সংশ্লিষ্ট অন্যান্য আইন ও বিধির প্রয়োগ ও বাস্তবায়নে সহযোগিতা ও অবদান;
(৮.৪) কর্মকর্তা-কর্মচারীর যোগ্যতা, দক্ষতা, বুদ্ধিমত্তা, নিষ্ঠা, ত্যাগ, একাগ্রতা, সততা, সাহসিকতা ও পেশাদারিত্ব;
(৮.৫) কর্মকর্তা-কর্মচারীর চোরাচালান ও রাজস্ব ফাঁকি প্রতিরোধে কৃতিত্বপূর্ণ অবদান;
(৮.৬) আধুনিকায়ন, নীতি প্রণয়ন ও সংস্কারে সহযোগিতা ও অবদান;
(৮.৭) বাণিজ্য সহজীকরণ ও পদ্ধতি উন্নয়নে সহযোগিতা ও অবদান;
(৮.৮) ইনোভেশন ও সেবাপদ্ধতি সহজীকরণে সহযোগিতা ও অবদান; এবং
(৮.৯) অটোমেশনে সহযোগিতা ও অবদান, প্রভৃতি।

৯. মনোনয়ন ও সার্টিফিকেট প্রাপ্তির যোগ্যতা

(৯.১) কর্মকর্তা-কর্মচারীগণের ক্ষেত্রে যোগ্যতা:

(ক) ক্যাডার কর্মকর্তাগণের ক্ষেত্রে বিসিএস (কাস্টমস এ্যান্ড এক্সাইজ) ক্যাডারভুক্ত হওয়া। ক্যাডার এবং নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষেত্রে বোর্ডের কাস্টমস ও ভ্যাট বিভাগের অধীন দপ্তরসমূহে কমপক্ষে ০২ (দুই) বছরের চাকুরি;
(খ) ০৮ নং অনুচ্ছেদে উল্লিখিত মানদন্ড অনুযায়ী অবদান;
(গ) সরকারি চাকরি আইন ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী কোনো অযোগ্যতা না থাকা; এবং
(ঘ) কোনো বিভাগীয় মামলা, দুর্নীতি মামলা এবং ফৌজদারি মামলা চলমান না থাকা অথবা শাস্তি শেষ হওয়ার পর ০২ (দুই) বছর অতিক্রান্ত হওয়া।

(৯.২) অংশীজন/সংস্থা/প্রতিষ্ঠানের ক্ষেত্রে যোগ্যতা:

(ক) কমিটি কর্তৃক অনুসরণীয় সংশ্লিষ্ট মানদন্ড পরিপালন;
(খ) কাস্টমস আইন এবং সংশ্লিষ্ট অন্যান্য আইন ও বিধি যথাযথভাবে অনুসরণ;
(গ) প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ শুল্ক-করাদি যথাসময়ে পরিশোধ;
(ঘ) কাস্টমস আইন এবং সংশ্লিষ্ট অন্যান্য আইন ও বিধির প্রয়োগ ও বাস্তবায়নে সহযোগিতা;
(ঙ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আমদানি-রপ্তানি বা অন্য কোন কার্যক্রমের বিপরীতে সরকারের নিকট কোনো শুল্ক-করাদি বকেয়া না থাকা;
(চ) আধুনিকায়ন, নীতি প্রণয়ন ও সংস্কারে সহযোগিতা;
(ছ) বাণিজ্য সহজীকরণ ও পদ্ধতি উন্নয়নে সহযোগিতা;
(জ) ইনোভেশন ও সেবাপদ্ধতি সহজীকরণে সহযোগিতা; এবং
(ঝ) অটোমেশনে সহযোগিতা, প্রভৃতি।

১০. কমিটির কার্যপদ্ধতি

(১০.১) কমিটি এক বা একাধিক সভায় মিলিত হয়ে প্রয়োজনীয় অনুসন্ধান ও যাচাই-বাছাই এবং প্রয়োজনে সাক্ষাৎকার গ্রহণ শেষে মনোনয়ন চূড়ান্ত করবে। কমিটি কর্তৃক বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত সুপারিশ সংবলিত নামের তালিকার বাইরে থেকেও প্রয়োজনীয় অনুসন্ধান ও যাচাই-বাছাই শেষে যোগ্য কর্মকর্তা-কর্মচারী পাওয়া গেলে তাদেরকেও চূড়ান্ত মনোনয়নের জন্য বিবেচনা করা যাবে। কমিটির সভার কোরাম সংখ্যা হবে ০৩ (তিন)। সভার আলোচনা গোপনীয় হিসেবে বিবেচিত হবে।

(১০.২) কমিটি চূড়ান্ত মনোনীত কর্মকর্তা-কর্মচারী এবং অংশীজন/সংস্থা/প্রতিষ্ঠানের নাম সুপারিশপূর্বক ২৬ জানুয়ারির অন্যূন ১৫ (পনের) দিন পূর্বে বোর্ডের চেয়ারম্যান বরাবর অনুমোদনের জন্য উপস্থাপন করবে।

১১. মনোনীত কর্মকর্তা ও প্রতিষ্ঠানের তালিকা প্রকাশ

(১১.১) চেয়ারম্যান কর্তৃক অনুমোদনের পর ডব্লিউসিও অ্যাফেয়ার্স শাখা সার্টিফিকেট প্রদানের জন্য অনুমোদিত কর্মকর্তা-কর্মচারী এবং অংশীজন/সংস্থা/প্রতিষ্ঠানের নামের তালিকা সম্বলিত প্রজ্ঞাপন জারি করবে।

(১১.২) বোর্ডের ডব্লিউসিও অ্যাফেয়ার্স শাখা সার্টিফিকেটের জন্য অনুমোদনপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী এবং অংশীজন/সংস্থা/প্রতিষ্ঠানের নামের তালিকা সম্বলিত জারিকৃত প্রজ্ঞাপন গেজেটে প্রকাশের ব্যবস্থা করবে।

(১১.৩) বোর্ডের ডব্লিউসিও অ্যাফেয়ার্স শাখা কর্মকর্তা-কর্মচারী ও অংশীজন/সংস্থা/প্রতিষ্ঠানকে নির্ধারিত স্থানে সার্টিফিকেট গ্রহণের জন্য পত্র মারফত আমন্ত্রণ জানাবে।

(১১.৪) সার্টিফিকেট গ্রহণের পূর্ব পর্যন্ত কোনো কর্মকর্তা-কর্মচারী এবং অংশীজন/সংস্থা/প্রতিষ্ঠান কোন প্রকার গণযোগাযোগ বা সামাজিক যোগাযোগ মাধ্যমে মনোনয়ন বিষয়ে নিজে বা তাঁর পক্ষে প্রচার বা প্রচারের চেষ্টা করতে পারবে না।

১২. সার্টিফিকেট প্রদান

সার্টিফিকেট প্রদানের জন্য অনুমোদনপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণকে ডব্লিউসিও সেক্রেটারি জেনারেল কর্তৃক স্বাক্ষরিত একটি করে সার্টিফিকেট, বাংলাদেশ কাস্টমস বিভাগের পক্ষ হতে একটি ক্রেস্ট ও পঞ্চাশ হাজার টাকা করে মূল্যমানের প্রাইজবন্ড এবং অংশীজন/সংস্থা/প্রতিষ্ঠানকে ডব্লিউসিও সেক্রেটারি জেনারেল কর্তৃক স্বাক্ষরিত একটি করে সার্টিফিকেট, বাংলাদেশ কাস্টমস বিভাগের পক্ষ হতে একটি ক্রেস্ট প্রদান করা হবে। এ অর্থ আন্তর্জাতিক কাস্টমস দিবস উদযাপনের লক্ষ্যে বরাদ্দকৃত বাজেট থেকে নির্বাহ করা হবে।

১৩. বিবিধ

(১৩.১) কোন কর্মকর্তা-কর্মচারী বা অংশীজন/সংস্থা/প্রতিষ্ঠানের ঐ সার্টিফিকেট প্রাপ্তির তিন বছর অতিক্রান্ত হওয়ার পর পুনরায় চূড়ান্ত অনুমোদনের জন্য বিবেচনা করার ক্ষেত্রে কোনো বাধা থাকবে না।

(১৩.২) এই নীতিমালায় উল্লেখ করা হয়নি এমন বিষয়ে কমিটি সভায় আলোচনা করে লিখিতভাবে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

মোঃ শহিদুজ্জামান সরকার
দ্বিতীয় সচিব (কাস্টমস: WCO Affairs)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ও
সদস্য সচিব
WCO Certificate of Merit
নীতিমালা প্রণয়ন কমিটি

আকতার হোসেন
দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ও
সদস্য সচিব
WCO Certificate of Merit
নীতিমালা প্রণয়ন কমিটি

রাকিবুল হাসান
দ্বিতীয় সচিব (কাস্টমস: মূল্যায়ন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ও
সদস্য
WCO Certificate of Merit
নীতিমালা প্রণয়ন কমিটি

মোঃ তারেক হাসান
উপ কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা
ও
সদস্য
WCO Certificate of Merit
নীতিমালা প্রণয়ন কমিটি

মোঃ মশিউর রহমান
উপ প্রকল্প পরিচালক
ভ্যাট অনলাইন প্রকল্প, ঢাকা
ও
সদস্য
WCO Certificate of Merit
নীতিমালা প্রণয়ন কমিটি

মোহাম্মদ ফাইজুর রহমান
প্রকল্প পরিচালক
বন্ড ব্যবস্থাপনা স্বয়ক্রিয়করণ প্রকল্প
ও
সদস্য
WCO Certificate of Merit
নীতিমালা প্রণয়ন কমিটি

২০/০১/২০২১
জাকিয়া সুলতানা
সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ও
আহ্বায়ক
WCO Certificate of Merit নীতিমালা প্রণয়ন কমিটি

পরিশিষ্ট-ক

ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন সার্টিফিকেট অব মেরিট (WCO Certificate of Merit) এর জন্য আবেদন ফরম

ক্র. নং	শিরোনাম		বিবরণ
(১)	নাম	বাংলা	
		ইংরেজি	
(২)	জন্ম তারিখ		
(৩)	বর্তমান পদবী ও কর্মস্থল		
(৪)	সর্বশেষ দুটি শিক্ষাগত যোগ্যতার বিবরণ (ডিসিপ্লিন ও শিক্ষা প্রতিষ্ঠানসহ)		(১)
			(২)
(৫)	জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে চাকুরিতে যোগদানের পদ ও তারিখ		
(৬)	জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে চাকুরির অভিজ্ঞতার বিবরণ (সর্বশেষ থেকে পূর্ববর্তী)		(১) (২) (৩)
(৭)	ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন সার্টিফিকেট অব মেরিট (WCO Certificate of Merit) প্রদান নীতিমালা অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীর যোগ্যতার বিবরণ		

(৮)	কর্মকর্তা-কর্মচারীর অসাধারণ অবদানসহ কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ	(১) (২) (৩) (৪)
(৯)	ইতোপূর্বে ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন সার্টিফিকেট অব মেরিট পেয়েছেন কিনা?	☐ হ্যাঁ (সার্টিফিকেটের কপি সংযুক্ত করুন) ☐ না
(১০)	মোবাইল ফোন নম্বর	
(১১)	ই-মেইল আইডি	

এই মর্মে ঘোষণা করছি যে, এই ছকে প্রদত্ত সকল তথ্য ও বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সম্পূর্ণ সঠিক। ভবিষ্যতে কোন তথ্য অসত্য মর্মে প্রমাণিত হলে কর্তৃপক্ষ সার্টিফিকেট বাতিলসহ যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করেন।

স্বাক্ষর, তারিখ ও নামীয় সিল

দপ্তর প্রধানের সুপারিশ.....

দপ্তর প্রধানের স্বাক্ষর, তারিখ ও নামীয় সিল